ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়

ও

ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

# ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয় এবং ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২০২৫ শিক্ষাবর্ষে তৃতীয় ও ষষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তির জন্য https://gsa.teletalk.com.bd/ঠিকানায় Online এর মাধ্যমে আগামী ১২/১১/২০২৪ খ্রি. তারিখ সকাল ১১.০০টা থেকে ৩০/১১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৫.০০টা পর্যন্ত ভর্তির আবেদন করা যাবে। আবেদন ফরম পূরণ পূর্বক Teletalk pre-paid mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে বিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহারের জন্য ভর্তির আবেদনপত্রের ০১(এক) কপি কালার প্রিন্ট শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে। তবে ৩০/১১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ০৫.০০টার মধ্যে শুধু User ID প্রাপ্ত শিক্ষার্থীগণ ৩০/১১/২০২৪ খ্রি. দিবাগত রাত ১২.০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবে। একজন শিক্ষার্থী যে কোনো একটি শিফটে অথবা উভয় শিফটে আবেদন করতে পারবে।

Online আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলিসহ যাবতীয় তথ্য www.dshe.gov.bd এর secondary circular/order ও https://gsa.teletalk.com.bd-তে পাওয়া যাবে। এছাড়াও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়ের ওয়েবসাইট www.jhenidahghs.edu.bd এবং ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ওয়েবসাইট www.jhgghs.edu.bd হতে জানা যাবে।

## Online আবেদনের সময় যা প্রয়োজন

০১। আবেদন ফি ১১০.০০ (একশত দশ) টাকা (অফেরতযোগ্য) মাত্র ।

০২। পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবি।

০৩। লটারিতে চান্স পাওয়ার পর যে জন্ম সনদের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করেছে তার একটি কপি Online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপির সাথে জমা দিতে হবে। লটারিতে উল্লিখিত জন্ম তারিখ এবং সরবরাহকৃত জন্ম সনদের তারিখ একই হতে হবে। ভর্তির সময়ে সরবরাহকৃত ডিজিটাল জন্ম সনদের জন্ম নিবন্ধন নম্বরের সাথে Online এ পূরণকৃত আবেদনপত্রে উল্লিখিত জন্ম নিবন্ধন নম্বরের মিল থাকতে হবে।

০৪। কোন আবেদনকারী একাধিক জন্ম নিবন্ধন ব্যবহারের মাধ্যমে অসদুপায় অবলম্বন করে একই প্রতিষ্ঠানে একাধিকবার আবেদন করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৫। জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ২০২৫ শিক্ষাবর্ষে শ্রেণিওয়ারী ধারাবাহিকভাবে ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ০১ জানুয়ারী/২০২৫ তারিখে সর্বনিম্ন ৫$^+$ বছর এবং সর্বোচ্চ ৭$^+$ বছর নির্ধারিত হবে।

০৬। Online-এ আবেদনের সময় শিফট নির্ধারণ করতে হবে। ভর্তির জন্য নির্বাচিত হলে কোনো অবস্থাতেই শিফট পরিবর্তন করা যাবে না।

০৭। Online-এ আবেদনের সময় শিক্ষার্থীর জন্ম তারিখ, শিক্ষার্থীর নাম ও পিতা-মাতার নামের বানান সঠিকভাবে পূরণ করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোনো পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

০৮। Online-এ আবেদনের সময় কোটাধারী আবেদনকারীদের সঠিকভাবে কোটা পূরণ করতে হবে। অন্যথায় পরবর্তীতে কোটা বিবেচনা করা হবে না।

০৯। লটারির ফল প্রকাশ : লটারি অনুষ্ঠিত হওয়ার পর যথাশীঘ্র নির্বাচিত ফলাফল সংশ্লিষ্ট বিদ্যালয়ের নোটিশবোর্ড ও বিদ্যালয়ের ওয়েবসাইট www.jhenidahghs.edu.bd এবং ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ওয়েবসাইট www.jhgghs.edu.bd-তে পাওয়া যাবে।

## শিক্ষার্থী ভর্তির শূন্য আসন:

| বিদ্যালয়ের নাম | শ্রেণি | মোট শূন্য আসন | শাখা | শিক্ষক/কর্মচারীর সন্তানের জন্য সংরক্ষিত আসনের সংখ্যা | ভর্তিযোগ্য শূন্য আসন |
|---|---|---|---|---|---|
| ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয় | তৃতীয় | প্রভাতি- ৫৫ | -- | ০২ | ৫৩ |
| | | দিবা- ৫৫ | -- | ০২ | ৫৩ |
| | ষষ্ঠ | প্রভাতি- ৫৫ | খ | -- | ৫৫ |
| | | দিবা- ৫৫ | খ | -- | ৫৫ |
| ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | তৃতীয় | প্রভাতি- ৫৫ | -- | ০৪ | ৫১ |
| | | দিবা- ৫৫ | -- | -- | ৫৫ |
| | ষষ্ঠ | প্রভাতি- ৫৫ | খ | -- | ৫৫ |
| | | দিবা- ৫৫ | খ | -- | ৫৫ |

| মোঃ শহীদুল ইসলাম | নাজমা সামাওয়াত | মোহাম্মদ আব্দুল আওয়াল |
|---|---|---|
| সদস্য | সদস্য সচিব | সভাপতি |
| জেলা ভর্তি কমিটি-২০২৫ | জেলা ভর্তি কমিটি-২০২৫ | জেলা ভর্তি কমিটি-২০২৫ |
| ও | ও | ও |
| প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) | প্রধান শিক্ষক | জেলা প্রশাসক, ঝিনাইদহ |